

ঢাকা, ২৪ জুন ২০১৯

শিক্ষা সেবা সহজ করতে পদ্ধতিগত পরিবর্তন করা হবে

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি এমপি

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি এমপি বলেছেন শিক্ষার মান উন্নয়ন এবং শিক্ষা ব্যবস্থার উন্নয়নে পদ্ধতিগত পরিবর্তন করা হবে। তিনি বলেন পদ্ধতি চীরঙ্গায়ী কোন বিষয় নয়। শিক্ষার মান উন্নয়নে পদ্ধতিগত পরিবর্তন দরকার। তিনি বলেন যে পদ্ধতিতে সেবা প্রদান সহজ হবে সে পদ্ধতি প্রবর্তন করতে হবে। তিনি শিক্ষা ভবনের সকল কর্ম কিভাবে সহজে ডেলিভারি দেয়া যায় তার নতুন সিস্টেম খুজে বের করার তাগিদ দেন।

তিনি আজ সকালে শিক্ষা ভবনের সম্মেলন কক্ষে শিক্ষা সেবা সংগ্রহ ২০১৯ এর উদ্বোধনের সময় প্রধান অতিথির বক্তৃতায় একথা বলেন। মন্ত্রী বলেন আমরা শুধুমাত্র আর্থিক অনিয়মকে দুর্ব্বিত মনে করি। নিজের কাজ ঠিকভাবে ও যথ্য সময় না করাও দুর্ব্বিত। কাজটি নিজের হলে যে রকম ডেলিভারি আশা করতেন ঠিক সে ভাবে সকল কাজ ডেলিভারী দিতে তিনি কর্মকর্তাদের নির্দেশ প্রদান করেন। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক এর সভাপতিত্বে এই সময় বক্তব্য রাখেন শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সিনিয়র সচিব মো. সোহরাব হোসাইন ও কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সচিব মুস্তী শাহাবুদ্দীন আহমেদ।

উপমন্ত্রী বলেন অধিদপ্তর গতিশীল না হলে মন্ত্রণালয়ের অর্জন ব্যাহত হবে। কর্মপদ্ধতির পরিবর্তন আনা জরুরী। কর্মপদ্ধতি স্থায়ী কোন বিষয় নয়। কাজের গতিশীলতার কারণে তা পরিবর্তন করতে হবে। সব কাজের জন্য অধিদপ্তরে আসতে হয় তা পরিবর্তন করতে হবে।

সোহরাব হোসাইন বলেন সেবা সংগ্রহে যে সেবা আপনারা প্রদান করবেন তা সারা বছর ও সঠিকভাবে প্রদান করতে হবে। সেবা সম্মুহ সঠিক সময়ে দিতে হবে। মানসিকতার পরিবর্তন করতে হবে। কোন চিঠি প্রাপ্তির পর কত দিন পর তার ব্যাবস্থা নেয়া হচ্ছে তা খতিয়ে দেখতে হবে। কোন নথি নিজের টেবিলে অনিষ্পত্ন রেখে বাসায় যাওয়া যাবে না।

মুস্তী শাহাবুদ্দীন বলেন শিক্ষার উদ্দেশ্য তিটি এক, শিক্ষার্থীদের জীবনে স্বপ্ন দেখতে শিখাতে হবে, দুই, স্বপ্ন বাস্তবায়নে কঠোর পরিশ্রম করার মানসিকতা তৈরি করতে হবে, তিনি, সৎ জীবন যাপনে উদ্বৃদ্ধ করতে হবে।

শিক্ষা সেবা সংগ্রহ ২৪ জুন ২০১৯ থেকে শুরু হয়ে ৩০ জুন ২০১৯ পর্যন্ত চলবে। উদ্বোধনের আগে মন্ত্রীর নেতৃত্বে একটি মনোজ্ঞ র্যালী শিক্ষা ভবন প্রদক্ষিণ করে।

মোহাম্মদ আবুল খায়ের
তথ্য ও জনসংযোগ কর্মকর্তা
শিক্ষা মন্ত্রণালয়

মোবাইল নম্বর: ০১৭১৬০৬৬৮৮৮